# নিয়োগ বিজ্ঞপ্তি

উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি), ফেনী জেলা দপ্তরে সম্পূর্ণ অস্থায়ী হিসেবে "কাজ নেই মজুরী নেই" এই ভিত্তিতে ০১(এক) জন গাড়ী চালক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীকে আগামী ১৫/১২/২০২২খ্রি. তারিখের মধ্যে উপপরিচালক, বিআরডিবি ফেনী বরাবর দরখাস্ত দাখিলের জন্য অনুরোধ করা হলো। দৈনিক মজুরী ৫৫০/- টাকা। বিস্তারিত জানতে ভিজিট করুন www.brdbfeni.gov.bd।

08/12/22

(মোহাম্মদ জাহিদুল ইসলাম)
উপপরিচালক
ফোন ঃ ০২৩৩৪৪ ৭৫০৯৯
ই-মেইলঃ ddfeni@brdb.gov.bd

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.৪৮.১৮.৯২৭৬ তারিখঃ ২৭ নভেম্বর ২০২২

বিষয়ঃ 'কাজ নেই মজুরী নেই' ভিত্তিতে গাড়িচালক নিয়োজনের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে ফেনী জেলা দপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে দৈনিক মজুরি অর্থাৎ 'কাজ নেই মজুরি নেই' ভিত্তিতে একজন গাড়িচালক নিয়োজনের জন্য নির্দেশক্রমে প্রশাসনিক অনুমোদন দেয়া হলোঃ

শর্তাবলীঃ

১। দৈনিক মজুরি ভিত্তিতে নিয়োজিত গাড়িচালক এর জন্য বার্ষিক ব্যয় অর্থ বছর ভিত্তিক জেলা দপ্তরের রাজস্ব বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে মিটাতে হবে।

২। অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/উঃ-১/বিধি-৬/২০০৩/১৪৮৯ তারিখঃ ১৪/০৭/২০০৩ খ্রিঃ মূলে জারিকৃত 'কাজ নেই মজুরী নেই' ভিত্তিতে জনবল নিয়োগের সুবিধা সংক্রান্ত নীতিমালা এবং অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-১)-৯৩ তারিখঃ ১২/১০/২০২০ খ্রিঃ মূলে জারিকৃত পত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩। দৈনিক মজুরি ভিত্তিতে নিয়োজিত গাড়িচালকের দৈনিক মজুরী হবে ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা।

৪। জনবল নিয়োজন আদেশের সাথে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না।

৫। দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করতে হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন পারিশ্রমিক প্রদান করা যাবে না।

৬। হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর দিতে হবে। হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর না থাকলে অনুপস্থিত হিসাবে গণ্য হবে।

৭। এ নিয়োজন সম্পূর্ণ অস্থায়ী এবং কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন সময় নিয়োজন আদেশ বাতিল করতে পারবে।

৮। দৈনিক ভিত্তিতে বর্ণিত জনবল নিয়োজন করতে হবে।

৯। স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহবানপূর্বক প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে "কাজ নেই মজুরী নেই" ভিত্তিতে জনবল নিয়োজনের ব্যবস্থা করতে হবে।

২৭.১১.২০২২
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)

উপপরিচালক
বিআরডিবি, ফেনী জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.৪৮.১৮.৯২৭৬ তারিখঃ ২৭ নভেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক (প্রশাসন-২/হিসাব/অর্থ ও বাজেট/নিরীক্ষা/প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা।

২। মহাপরিচালকের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। পরিচালক (প্রশাসন/অর্থ) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭.১১.2022
মোঃ গোলাম রহমান
সহকারী পরিচালক (পার্সোনেল-৪)

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রবিধি অনুবিভাগ

প্রবিধি -৩ অধিশাখা

website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩

তারিখ: ২৭/০৬/১৪২৭ ব.
১২/১০/২০২০ খ্রি.

বিষয়ঃ দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি হার পুন:নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ে কাজের ধরন বিবেচনায় ইতঃপূর্বে যে সকল কার্যালয়ের জন্য কেইস টু কেইস ভিত্তিতে অর্থ বিভাগ কর্তৃক দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল সেসব কার্যালয়ের জন্য নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার পুন:নির্ধারণ করা হলো ঃ

| ক্রঃ নং | দপ্তরের অবস্থান | শ্রমিকের ধরণ | বিদ্যমান দৈনিক মজুরির হার | পুনঃনির্ধারিত দৈনিক মজুরির হার |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৫০০/- (পাঁচ শত) টাকা | ৬০০/- (ছয়শত) টাকা |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৪৭৫/- (চারশত পচাত্তর) টাকা | ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) টাকা |
| ২ | বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৫০০/- (পাঁচ শত) টাকা | ৬০০/- (ছয়শত) টাকা |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৪৫০ /- (চারশত পঞ্চাশ) টাকা | ৫৫০/- (পাঁচশতপঞ্চাশ) টাকা |
| ৩ | জেলা ও উপজেলা এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৪৫০ /- (চারশত পঞ্চাশ) টাকা | ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৪০০/- (চারশত) টাকা | ৫০০/- (পাঁচশত ) টাকা |

শর্তাবলি ঃ

১. শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে ;

২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার নিজস্ব বাজেট বরাদ্দ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবেনা ;

৩. উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না ;

৪. অর্থ বিভাগ কর্তৃক কেইস টু কেইস ভিত্তিতে ইতঃপূর্বে যেসব দপ্তরের বিপরীতে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল এ পুনঃ নির্ধারিত হার শুধু সেসব দপ্তরের জন্য প্রযোজ্য হবে ;

৫. এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;

৬. এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং

৭. দৈনিক ভিত্তিক পুনঃনির্ধারণকৃত শ্রমিক মজুরির হার আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

১২/১০/২০২০

(মোঃ হাসানুল মতিন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০১৮৩
e-mail: hasanulm @ finance.gov.bd.

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ------------------------------------------ মন্ত্রণালয়/বিভাগ (তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৪। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

৮। অফিস কপি।